

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৯৪২

খোয়াই, ১৭ আগস্ট, ২০২৪

অয়েল পাম চাষের মাধ্যমে কৃষকগণ  
স্বাবলম্বী হতে পারবেন : বনমন্ত্রী

তুলাশিখর ঝাকের পূর্ব তখছাইয়া ভিলেজের মধুগোজা পাড়ায় আজ সুখমতি দেববর্মার ওয়েল পাম বাগানে পাম গাছ লাগিয়ে মেগা ওয়েল পাম প্ল্যান্টেশনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বন দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা। ন্যাশনাল মিশন এডিবল অয়েল এন্ড পাম অয়েল স্কিমে সুবিধাভোগী সুখমতি দেববর্মার ১০ কানি জমিতে এই বাগান গড়ে তোলা হবে।

এই অনুষ্ঠানে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বলেন, রাবার চাষের মাধ্যমে গ্রামীণ মানুষ যেমন স্বাবলম্বী হয়েছেন তেমনি অয়েল পাম চাষের মাধ্যমেও কৃষকগণ স্বাবলম্বী হতে পারবেন। তিনি আশা প্রকাশ করেন অয়েল পাম চাষেও গ্রামীণ মানুষ আগ্রহী হবেন। পাম অয়েল চাষে এগিয়ে আসতে তিনি সবার প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে এডিসি খোয়াই জোনালের চেয়ারম্যান চিত্রা দেববর্মা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাচাইবাড়ি এডিসি সাবজোনালের চেয়ারম্যান তাপস দেববর্মা, হট্টিকালচার ও সয়েল কনজারভেশন দপ্তরের অধিকর্তা ড. ফনিভূষণ জগতিয়া, দপ্তরের খোয়াই জেলা কার্যালয়ের ডেপুটি ডি঱েক্টর সাবেন্দ্র দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তুলাশিখর ঝাক কৃষি তত্ত্বাবধায়ক অর্পণ দেববর্মা।

\*\*\*\*\*